

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৮ সালের ১ম বোর্ডসভার কার্যবিবরণী

তারিখ	:	৩১ জানুয়ারি, ২০১৮
সময়	:	সকাল ১০-০০ টা
স্থান	:	সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি	:	ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-‘ক’ দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনাতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

আলোচ্যবিষয়-১ঃ ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা : গত ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত ২০১৭ সালের ১১তম বোর্ডসভার সিদ্ধান্তসমূহের উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কয়েকটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে মর্মে সভায় প্রতিবেদন উপস্থাপন করা হয়।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহমেদ এর প্রস্তাবের প্রেক্ষিতে এবং সম্মানিত সদস্য কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক এর সমর্থনে সর্বসম্মতিক্রমে গত মাসের সভার (২০১৭ সালের ১১তম বোর্ডসভার) কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

আলোচ্যবিষয়-২ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্র নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা	গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ	ডিজিএফআইএর ছাড়পত্র / রেজিস্ট্রিকৃত হেবাদলিলমুলে	বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ	মন্তব্য
১.	প্লট নং-৩৬, ফ্ল্যাট নং-৩/বি (৩য় তলা, দক্ষিণ-পশ্চিম) ও ফ্ল্যাট নং- ৫/বি (৫ম তলা দক্ষিণ-পশ্চিম) রোড নং-০৫, নাজির রোড, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	(১) বুশরা রুবাইয়াৎ (২) সুমাইয়া বিনতে জামানা, সর্বপিতা- মরহুম এস বি জামান, বাড়ী নং-৩৬, রোড নং-৫(নাজির রোড), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	(১) জনাব মোহাম্মদ জুনায়েদ কাদের পিতা- মরহুম এস বি জামান, বাড়ী নং-৩৬, রোড নং-৫(নাজির রোড), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ-১৪/০১/২০১৮	রেজিস্ট্রিকৃত হেবা দলিলমুলে	১৪/১২/২০১৭ তারিখের ঢাকাবো/ক্যাঃবাঃ এঃ/৩৬/২৯৫	০২(দুই) টি ফ্ল্যাট, প্রতিটি ফ্ল্যাটের আয়তন ২০৫০ বর্গফুট (নিচ তলায় ০২(দুই) টি গাড়ী পার্কিং, এবং আনুপাতিক হারে অবিলম্বে/অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই।
২.	প্লট নং-৩৬, ফ্ল্যাট নং-৫/এ (৫ম তলা উত্তর-পশ্চিম) রোড নং-০৫, নাজির রোড, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	তাসনুভা আমরীন জামান পিতা-মরহুম এস বি জামান, বাড়ী নং-৩৬, রোড নং-৫(নাজির রোড), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	বুশরা রুবাইয়াৎ পিতা-মরহুম এস বি জামান, বাড়ী নং-৩৬, ফ্ল্যাট নং- ৫/এ(৫ম তলা উত্তর-পশ্চিম) রোড নং-৫(নাজির রোড), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ- ১৪/০১/২০১৮	রেজিস্ট্রিকৃত হেবা দলিলমুলে	১৪/১২/২০১৭ তারিখের ঢাকাবো/ক্যাঃবাঃ এঃ/৩৬/২৯৫	ফ্ল্যাটের আয়তন ২০৫০ বর্গফুট (নিচ তলায় ০১(এক) টি গাড়ী পার্কিং, এবং আনুপাতিক হারে অবিলম্বে/অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই।
৩.	প্লট নং-২৩, ফ্ল্যাট নং-১৭ (৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব) রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	হাজী মোঃ ফুল মিয়া পিতা-মরহুম চাঁন মিয়া বাড়ী নং-২৩, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মিসেস সুরাইয়া পারভীন স্বামী-মেজর (অবঃ) আহমেদ আলী, বাড়ী নং- ২৩, ফ্ল্যাট নং-১৭ (৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব) রোড নং- ৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তারিখ- ১২/১২/২০১৭	০৯ মে ২০১৩ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১ ০.০২৯.০১.০৯.০৫.১ ৩ নং পত্র।	১২/৬/২০১৭ তারিখের ঢাকাবো/ক্যাঃবাঃ এঃ/প্লট নং-২৩/ ফ্ল্যাট নং-১৭(৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব)/১৬ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন ১৩৫০ বর্গফুট (নিচ তলায় ০১(এক) টি গাড়ী পার্কিং, এবং আনুপাতিক হারে অবিলম্বে/অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই।
৪.	প্লট নং-১৫/এ, ফ্ল্যাট নং-৪/এ (৫ম তলা উত্তর) রোড নং-০৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মেজর (অবঃ) মোহাম্মদ শফিউল আলম, ব্যবস্থাপনা পরিচালক, রক্ষ ডেভেলপমেন্টস (প্রাঃ) লিঃ (মিসেস রাবেয়া খাতুন এর নিযুক্তীয় আম-মোজার), বাড়ী নং-২৮(৩য় তলা), রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	ডাঃ ব্রিগেঃ জেনাঃ (অবঃ) শেখ রুহুল আমিন, পিতা- মৃত শেখ কোরবান আলী, বাড়ী নং-১৫/এ, ফ্ল্যাট নং- ৪/এ(৫ম তলা উত্তর) রোড নং-৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬ তারিখ-২১/১/২০১৮	২৪ সেপ্টেম্বর ২০১৭ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০ ২.১২১.০১.২৪.০৯.০ ৭-১.১০০৪৮৯ নং পত্র।	০৫/১২/২০১৭ তারিখের ঢাকাবো/ক্যাঃবাঃ এঃ/প্লট নং-১৫/এ/ ফ্ল্যাট নং-৪/এ(৫ম তলা উত্তর)/২৯ নং পত্র।	ফ্ল্যাটের আয়তন ৩৬০০ বর্গফুট (নিচ তলায় ০২(দুই) টি গাড়ী পার্কিং (পার্কিং নং- ৪/এ-১ ও ৪/এ-২), এবং আনুপাতিক হারে অবিলম্বে/অচিহ্নিত জমিসহ। উক্ত প্লটে অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই।



আলোচনা :

প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় জানা যায় যে-

২.১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডে ৩৬ নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ৩য় তলা দক্ষিণ-পশ্চিম পার্শ্বের ২০৫০ বর্গফুট আয়তন বিশিষ্ট ৩/বি নং ফ্ল্যাট ও ৫ম তলার দক্ষিণ-পশ্চিম পার্শ্বের ২০৫০ বর্গফুট বিশিষ্ট ৫/বি নং ফ্ল্যাট, নিচতলায় ০২টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ অত্র দপ্তরের ১৪ ডিসেম্বর ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাংবাঃএঃ/প্লট নং-৩৬/২৯৫ নং পত্রের মাধ্যমে জনাব মোহাম্মদ জুনায়েদ কাদের, পিতা-মরহুম এস বি জামান এর নিকট রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাট ০২ টির মালিক যথাক্রমে (১) সুমাইয়া বিনতে জামান ও (২) বুশরা রুবাইয়াৎ, সর্বপিতা-মরহুম এস বি জামান উক্ত ফ্ল্যাটের খসড়া দলিল ভেটিং করতঃ প্রস্তাবিত হেবা গ্রহীতা জনাব মোহাম্মদ জুনায়েদ কাদের, পিতা-মরহুম এস বি জামান এর নামে রেজিস্ট্রি হেবা দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাট ০২টির হেবাসূত্রে মালিক রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ তাঁর নামে নামজারী করার জন্য ১৪ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

২.২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডে ৩৬ নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ৫ম তলা উত্তর-পশ্চিম পার্শ্বের ২০৫০ বর্গফুট আয়তন বিশিষ্ট ৫/এ নং ফ্ল্যাট, নিচতলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ অত্র দপ্তরের ১৪ ডিসেম্বর ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাংবাঃএঃ/প্লট নং-৩৬/২৯৫ নং পত্রের মাধ্যমে বুশরা রুবাইয়াৎ, পিতা-মরহুম এস বি জামান এর নিকট রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক তাসনুভা আমরীন জামান, পিতা-মরহুম এস বি জামান উক্ত ফ্ল্যাটের খসড়া দলিল ভেটিং করতঃ প্রস্তাবিত হেবা গ্রহীতা বুশরা রুবাইয়াৎ, পিতা-মরহুম এস বি জামান এর নামে রেজিস্ট্রি হেবা দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির হেবাসূত্রে মালিক রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ তাঁর নামে নামজারী করার জন্য ১৪ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

২.৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডে ২৩ নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব পার্শ্বের ১৩৫০ বর্গফুট আয়তন বিশিষ্ট ১৭ নং ফ্ল্যাট, নিচতলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ অত্র দপ্তরের ১২ জুন ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাংবাঃএঃ/প্লট নং-২৩/ফ্ল্যাট নং-১৭(৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব)/১৬ নং পত্রের মাধ্যমে মিসেস সুরাইয়া আহমেদ, স্বামী- মেজর আহমেদ আলী খান এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক হাজী ফুল মিয়া উক্ত ফ্ল্যাটের খসড়া দলিল ভেটিং করতঃ প্রস্তাবিত ক্রেতা মিসেস সুরাইয়া আহমেদ, স্বামী-মেজর আহমেদ আলী খান এর নামে রেজিস্ট্রিকৃত দলিলমূলে বিক্রয়/হস্তান্তর সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিক রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ তাঁর নামে নামজারী করার জন্য ১২ ডিসেম্বর ২০১৭ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

২.৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩ নং রোডে ১৫/এ নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ৫ম তলা উত্তর পার্শ্বের ৩৬০০ বর্গফুট আয়তন বিশিষ্ট ৪/এ নং ফ্ল্যাট, নিচতলায় ০২টি কার পার্কিং (পার্কিং নং- ৪/এ-১ ও ৪/এ-২) এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাদিসহ অত্র দপ্তরের ০৫ ডিসেম্বর ২০১৭ তারিখের ঢাক্যাবো/ক্যাংবাঃএঃ/প্লট নং-১৫/এ/ ফ্ল্যাট নং-৪/এ(৫ম তলা উত্তর)/২৯ নং পত্রের মাধ্যমে ডাঃ ব্রিগেডিয়ার জেনারেল শেখ রুহুল আমিন (অবঃ), পিতা-মৃত শেখ কোরবান আলী এর নিকট রেজিস্ট্রিকৃত বিক্রয়/হস্তান্তর দলিলমূলে হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক মেজর (অবঃ) মোহাম্মদ শফিউল আলম, ব্যবস্থাপনা পরিচালক, রুফ ডেভেলপমেন্টস (প্রাঃ) লিঃ (মিসেস রাবেয়া খাতুন এর নিয়ুক্তীয় আম-মোজার) উক্ত ফ্ল্যাটের খসড়া দলিল ভেটিং করতঃ প্রস্তাবিত ক্রেতা ডাঃ ব্রিগেডিয়ার জেনারেল শেখ রুহুল আমিন(অবঃ), পিতা-মৃত শেখ কোরবান আলী এর নামে রেজিস্ট্রিকৃত দলিলমূলে বিক্রয়/হস্তান্তর সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিক রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ তাঁর নামে নামজারী করার জন্য ২১ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

সিদ্ধান্ত :

বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্রস্তাবিত ফ্ল্যাটগুলোর রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা/গ্রহীতাগণের অনুকূলে নিম্নবর্ণিতভাবে নামজারীর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো :-

ক্রঃ নং	প্লট নম্বর, ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	গ্রহীতা/ক্রেতার নাম
১.	প্লট নং-৩৬, ফ্ল্যাট নং-৩/বি (৩য় তলা, দক্ষিণ-পশ্চিম) ও ফ্ল্যাট নং- ৫/বি (৫ম তলা দক্ষিণ-পশ্চিম) রোড নং-০৫, নাজির রোড, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	(১) জনাব মোহাম্মদ জুনায়েদ কাদের, পিতা-মরহুম এস বি জামান
২.	প্লট নং-৩৬, ফ্ল্যাট নং-৫/এ (৫ম তলা উত্তর-পশ্চিম) রোড নং-০৫, নাজির রোড, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	বুশরা রুবাইয়াৎ পিতা-মরহুম এস বি জামান
৩.	প্লট নং-২৩, ফ্ল্যাট নং-১৭ (৬ষ্ঠ তলা উত্তর-পূর্ব) রোড নং-০৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মিসেস সুরাইয়া পারভীন স্বামী-মেজর (অবঃ) আহমেদ আলী
৪.	প্লট নং-১৫/এ, ফ্ল্যাট নং-৪/এ (৫ম তলা উত্তর) রোড নং-০৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	ডাঃ ব্রিগেঃ জেনাঃ (অবঃ) শেখ রুহুল আমিন, পিতা-মৃত শেখ কোরবান আলী

আলোচ্যবিষয়-৩ঃ

ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৬ নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ৫ম তলা দক্ষিণ-পূর্ব পার্শ্বের এ/৪ নং ফ্ল্যাটটি ডঃ রুবহানা রকিব, স্বামী-জনাব ইফতেখার করিম এর নামে নামজারীর ঘটনোত্তর অনুমোদন প্রসঙ্গে।

আলোচনা :

ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৬ নং প্লটে নির্মিত ৭(সাত) তলা বাড়ীর ৫ম তলার দক্ষিণ পূর্ব পার্শ্বের ১৯২০ বর্গফুট আয়তন বিশিষ্ট এ/৪ নং ফ্ল্যাটটি ডঃ রুবহানা রকিব, স্বামী-ইফতেখার করিম এর নামে নামজারীর অনুমতির বিষয়টি ২৯ নভেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৭(৩) এর মাধ্যমে উপস্থাপন করা হলে বরাদ্দের অতিরিক্ত দখলকৃত জমি ছেড়ে দেয়া সাপেক্ষে রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতার নামে নামজারীর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, উক্ত প্লটে ৩১ বর্গফুট বরাদ্দের অতিরিক্ত জমি দখলে রয়েছে। উক্ত সিদ্ধান্তের আলোকে ক্যান্টনমেন্ট বোর্ডের ২৬ ডিসেম্বর ২০১৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৪৬/ফ্ল্যাট নং-এ/৪(৫ম তলা দক্ষিণ-পূর্ব)৫৫ নং পত্রের মাধ্যমে ফ্ল্যাট ক্রেতা ডঃ রুবহানা রকিব, স্বামী- ইফতেখার করিমকে অবহিত করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে তিনি ১৮ জানুয়ারি ২০১৮ তারিখের আবেদনে ফ্ল্যাটটি তার নামে নামজারী না হওয়ায় অন্যান্য কার্যক্রম করতে সমস্যা সৃষ্টি হচ্ছে এবং অতিরিক্ত জমির বিষয়ে ভবিষ্যতে যে সিদ্ধান্ত হবে তা মানতে বাধ্য থাকবেন মর্মে জানিয়েছেন এবং ফ্ল্যাটটি তার নামে নামজারী করার জন্য অনুরোধ করেছেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে ২৮ জানুয়ারি ২০১৮ তারিখে প্রেসিডেন্ট, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত কার্যবৃত্তপত্রের মাধ্যমে ২৯ নভেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৭(৩) নং সিদ্ধান্ত আংশিক পরিবর্তন করে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২৮ জানুয়ারি ২০১৮ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৪৬/ফ্ল্যাট নং-এ/৪(৫ম তলা দক্ষিণ-পূর্ব)/৫৮ নং পত্রে উক্ত ফ্ল্যাটটি ডঃ রুবহানা রকিব, স্বামী-ইফতেখার করিম এর নামে নামজারীর অনুমোদন প্রদান করা হয়েছে। ফ্ল্যাটটি নামজারীর ঘটনোত্তর অনুমোদনের বিষয়ে সভায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত :

বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৬ নং প্লটে নির্মিত বাড়ীর ৫ম তলার দক্ষিণ পূর্ব পার্শ্বের ১৯২০ বর্গফুট আয়তন বিশিষ্ট এ/৪ নং ফ্ল্যাটটি ডঃ রুবহানা রকিব, স্বামী-ইফতেখার করিম এর নামে নামজারীর ঘটনোত্তর অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। শর্ত থাকে যে, বরাদ্দের অতিরিক্ত জমির বিষয়ে ভবিষ্যতে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্ত ফ্ল্যাট ক্রেতাকে মেনে নিতে হবে।



আলোচ্যবিষয়-৪ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ০৭(সাত) টি দোকান/স্পেস ইজারার নিমিত্তে প্রাপ্ত দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা :

বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৫৯ টি দোকান/স্পেস ইজারার নিমিত্তে দৈনিক প্রথম আলো, দৈনিক যুগান্তর ও দি ডেইলী ইনডিপেনডেন্ট পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ২৩ জানুয়ারি ২০১৮ তারিখে দরপত্র আহবান করা হয়। উক্ত তারিখে তলা ভিত্তিক ০৭(সাত) টি দোকান/স্পেস এর বিপরীতে মোট ০৭(সাত)টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রসমূহ যাচাই-বাছাই কমিটি কর্তৃক যাচাই করা হয়েছে এবং দাখিলকৃত দর গ্রহণ করা যেতে পারে মর্মে মতামত প্রদান করা হয়েছে।

ক্র/নং	দর দাতার নাম ও ঠিকানা	দোকান নম্বর	আয়তন (বর্গফুট)	সরকারী দর প্রতি বর্গফুট	উদ্ধৃত দর		প্রাপ্ত দরপত্র
					প্রতি বর্গফুট	মোট টাকা	
১.	জনাব মোঃ শাহাদাত হোসেন পিতা-মোঃ বশিরুল আলম	৩য় তলা-১৫ (সেকেন্ড ফ্লোর)	১২৮.৫০	১৫০০০/-	১৬০০০/-	২০,৫৬,০০০/-	০১ টি
২.	জনাব জাকারিয়া আহমেদ বখতিয়ার পিতা-সরদার জিন্নাত আলী	৩য় তলা-১৬ (সেকেন্ড ফ্লোর)	১২৮.৫০	১৫০০০/-	১৬৭০০/-	২১,৪৫,৯৫০/-	০১ টি
৩.	সোহানী শোকরানা শরন স্বামী-লেঃ কর্ণেল মোঃ আব্দুর রহমান (অবঃ)	৪র্থ তলা-১০ (থার্ড ফ্লোর)	১১১.৩১	১৪৫০০/-	১৫১০২/-	১৬,৮১,০০৪/-	০১ টি
৪.	শাহনেওয়াজ মোঃ গোলাম জাকারিয়া পিতা-মোঃ জহুরুল হক	৫ম তলা-০৩ (ফোর্থ ফ্লোর)	১২৯.২১	১৪০০০/-	১৫১০৭/-	১৯,৫১,৯৭৫.৪৭	০১ টি
৫.	জনাব মোঃ মঈন পিতা মোঃ আনোয়ার উল হক	৫ম তলা-২৪ (ফোর্থ ফ্লোর)	১২৮.৫০	১৪০০০/-	১৫১০৭/-	১৯,৪১,২৪৯.৫০	০১ টি
৬.	মোঃ দিলসাদ রহমান মুনী স্বামী-কর্নেল এবিএম মিজানুর রহমান, ওএসপি, পিবিজিএম	৬ষ্ঠ তলা-০১ (ফিফথ ফ্লোর)	২২৯.২১	১২০০০/-	১৫০০০/-	৩৪৩৮১৫০/-	০১ টি
৭.	জনাব শওকত আহমেদ পিতা-মৃত মোল্লা জমির উদ্দিন	৬ষ্ঠ তলা-১৯ (ফিফথ ফ্লোর)	১১০.২০	১২০০০/-	১২৭৫০/-	১৪,০৫,০৫০/-	০১ টি

সিদ্ধান্ত :

বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের (১) ৩য় তলা-১৫ (সেকেন্ড ফ্লোর), (২) ৩য় তলা-১৬ (সেকেন্ড ফ্লোর), (৩) ৪র্থ তলা-১০ (থার্ড ফ্লোর), (৪) ৫ম তলা-০৩ (ফোর্থ ফ্লোর), (৫) ৫ম তলা-২৪ (ফোর্থ ফ্লোর), (৬) ৬ষ্ঠ তলা-০১ (ফিফথ ফ্লোর) ও (৭) ৬ষ্ঠ তলা-১৯ (ফিফথ ফ্লোর) সর্বমোট ০৭(সাত)টি দোকান/স্পেস এর বিপরীতে দাখিলকৃত দর অনুমোদনসহ ১০ (দশ) বছর মেয়াদে ইজারা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-৫ঃ

রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন মার্কেটের ০৪(চার)টি দোকান ইজারার নিমিত্তে প্রাপ্ত দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা :

রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন কাফরুল মৌজার সিএস দাগ নং-৩১২ এর ০.০৫৪৪ একর জমিতে নির্মাণাধীন মার্কেটের ১৬ (ষোল) টি দোকান ১০(দশ) বছর মেয়াদে ইজারা/বরাদ্দ প্রদানের নিমিত্তে দৈনিক প্রথম আলো, দৈনিক যুগান্তর ও দি ডেইলী ইনডিপেনডেন্ট পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ২৩ জানুয়ারি ২০১৮ তারিখে দরপত্র আহবান করা হয়। উক্ত তারিখে ২য় তলার ০৪ টি দোকানের জন্য মোট ০৪ টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রসমূহ যাচাই-বাছাই কমিটি কর্তৃক যাচাই করা হয়েছে এবং দাখিলকৃত দর গ্রহণ করা যেতে পারে মর্মে মতামত প্রদান করা হয়েছে।

ক্র/নং	দর দাতার নাম ও ঠিকানা	দোকান নম্বর	আয়তন (বর্গফুট)	সরকারী দর প্রতি বর্গফুট	উদ্ধৃত দর		প্রাপ্ত দরপত্র
					প্রতি বর্গফুট	মোট টাকা	
১.	গাজী মোঃ সানজিদুর রহমান সাকিব, পিতা- মোঃ আব্দুর রাজ্জাক গাজী।	২য় তলা-০৪	৩২৩.৩৬	১১০০০/-	১১১০০/-	৩৫,৮৯,২৯৬/-	০১ টি
২.	গাজী মোঃ সানজিদুর রহমান সাকিব, পিতা- মোঃ আব্দুর রাজ্জাক গাজী।	২য় তলা-০৫	২৬৯.৫০	১১০০০/-	১১১০০/-	২৯,৯১,৪৫০/-	০১ টি

৩.	জনাব নাহিদ সরকার পিতা- ওয়াজ উদ্দিন সরকার	২য় তলা-০৮	৩৪৯.৫৬	১১০০০/-	১১১০০/-	৩৮,৮০,১১৬/-	০১ টি
৪.	জনাব গোলাম সারোয়ার পিতা- মোঃ সিরাজুল ইসলাম	২য় তলা-০৯	৩০০.৫০	১১০০০/-	১১১০০/-	৩৩,৩৫,৫৫০/-	০১ টি

সিদ্ধান্ত :

বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে থাই গার্ডেন সংলগ্ন কাফরুল মৌজার সিএস দাগ নং-৩১২ এর ০.০৫৪৪ একর জমিতে নির্মাণাধীন মার্কেটের (১) ২য় তলা-০৪, (২) ২য় তলা-০৫, (৩) ২য় তলা-০৮ ও (৪) ২য় তলা-০৯ সর্বমোট ০৪(চার)টি দোকান/স্পেস এর বিপরীতে দাখিলকৃত দর অনুমোদনসহ ১০ (দশ) বছর মেয়াদে ইজারা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-৬ঃ

আর্মি ওয়েলফেয়ার ট্রাস্টের আওতাধীন মেসার্স ট্রাষ্ট ডেভেলপার এর ট্রেড লাইসেন্সের জরিমানা মওকুফের বিষয়ে ১১ ডিসেম্বর ২০১৭ তারিখের ৪৭১৫/২/এডব্লিউটি/প্রকল্প নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা :

আর্মি ওয়েলফেয়ার ট্রাস্ট এর আওতাধীন মেসার্স ট্রাষ্ট ডেভেলপার প্রতিষ্ঠানের নামে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ৩০/২০১০-২০১১ নং ট্রেড লাইসেন্স প্রদান করা হয়। উক্ত ট্রেড লাইসেন্স এর মেয়াদ ৩০ জুন ২০১১ তারিখে উত্তীর্ণ হয়েছে। ২০১১-২০১২ আর্থিক সাল হতে ২০১৭-২০১৮ আর্থিক সাল পর্যন্ত ট্রেড লাইসেন্সের ফি বাবদ ১,৭৫,০০০/- (এক লক্ষ পঁচাত্তর হাজার) টাকা এবং ট্রেড লাইসেন্স সংক্রান্ত বাংলাদেশ সরকারের প্রজ্ঞাপন (গেজেট) অনুযায়ী সারচার্জ বাবদ ১,৩১,২৫০/- (এক লক্ষ একত্রিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা পরিশোধ সাপেক্ষে ট্রেড লাইসেন্স নবায়ন করার বিধান রয়েছে। ট্রেড লাইসেন্সের সারচার্জ বাবদ ১,৩১,২৫০/- (এক লক্ষ একত্রিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা মওকুফ করে ট্রেড লাইসেন্সটি নবায়ন করার জন্য আর্মি ওয়েলফেয়ার ট্রাষ্ট, প্রযুক্তি- সেনাসদর, এজি'র শাখা, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১১ ডিসেম্বর ২০১৭ তারিখের ৪৭১৫/২/এডব্লিউটি/প্রকল্প নং পত্রে অনুরোধ করা হয়েছে। এ প্রসঙ্গে সভাকে অবহিত করা হয় যে, সারচার্জ আদায় ব্যতিরেকে ট্রেড লাইসেন্স নবায়ন করা হলে সরকারী বিধি লঙ্ঘনের দায়ে অডিট আপত্তি উত্থাপিত হওয়ার সম্ভাবনা আছে এবং সারচার্জ মওকুফ করার এজিয়ারও এ সভার নেই।

সিদ্ধান্ত :

বিস্তারিত আলোচনান্তে মেসার্স ট্রাষ্ট ডেভেলপার এর মেয়াদোত্তীর্ণ ট্রেড লাইসেন্স এর সারচার্জ মওকুফ করার এজিয়ার নেই বিধায় বিষয়টি বিবেচনা না করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৭ঃ

রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক-৫০/এ ও ৫০/বি নং দোকান পুনঃ বরাদ্দ প্রসঙ্গে।

আলোচনা :

রজনীগন্ধা সুপার মার্কেটের পার্ক ব্লক সংলগ্ন ১০' x ১৪' = ১৪০ বর্গফুট জায়গায় নিজ খরচে দোকান ঘর তৈরী করার জন্য প্রতিটি ৫০,০০০/-টাকা সালামীতে ০১/৪/২০১০ তারিখ হতে ৩১/৩/২০১৩ তারিখ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য ৫০/এ নং দোকানটি সার্জেন্ট (অবঃ) মোঃ শফিকুল ইসলাম-কে এবং ৫০/বি নং দোকানটি মোসাঃ ফাহিমা জসিম, স্বামী-মোঃ জসিম উদ্দিন কে বরাদ্দ প্রদান করা হয়। দোকান ০২(দুই) টির বরাদ্দ মেয়াদ শেষ হওয়ায় বার্ষিক ২০,০০০/-টাকা হারে ৬০,০০০/-টাকা সালামীতে ১/৪/২০১৩ তারিখ হতে ৩১/৩/২০১৬ তারিখ পর্যন্ত ০৩ বছরের জন্য পুনরায় বরাদ্দ প্রদান করা হয়। উক্ত বরাদ্দ মেয়াদ চলমান অবস্থায় রাস্তা সম্প্রসারণের কাজের জন্য সিটি কর্পোরেশন কর্তৃক অক্টোবর, ২০১৪ সালে দোকান ০২ টি ভেঙ্গে দেয়া হয়। দোকান ০২ টি পুনর্বাসন করার বিষয়ে বরাদ্দ গ্রহীতাদের আবেদনের বিষয়টি ৮ মার্চ, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ২৩ নং আলোচ্য বিষয়ের মাধ্যমে উপস্থাপন করা হলে ইতোপূর্বে বরাদ্দকৃত স্থানের সমআয়তনের জায়গা বরাদ্দ প্রদানের এবং উক্ত স্থানে নিজ খরচে দোকান ঘর নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। দোকান ঘর ০২ টি নির্মাণ করে জানুয়ারি, ২০১৬ তারিখে ব্যবসা পরিচালনা শুরু করা হয়েছে। বার্ষিক ২০,০০০/- (বিশ হাজার) টাকা সালামীতে ০১ এপ্রিল ২০১৬ তারিখ হতে ৩১ মার্চ ২০১৮ তারিখ পর্যন্ত ০২ বছর মেয়াদে পুনঃবরাদ্দ প্রদান করা হয়। যার মেয়াদ আগামী ৩১/৩/২০১৮ তারিখে উত্তীর্ণ হবে। ৫০/এ নং দোকানের বরাদ্দ গ্রহীতা সার্জেন্ট (অবঃ) মোঃ শফিকুল ইসলাম এবং ৫০/বি নং দোকানের বরাদ্দ গ্রহীতা মোসাঃ ফাহিমা জসিম পুনরায় ১০(দশ) বছর মেয়াদে পুনঃবরাদ্দের জন্য ১৮ জানুয়ারি ২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত :

বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ পার্ক-৫০/এ এবং পার্ক-৫০/বি নং দোকান দু'টি মেয়াদোত্তীর্ণের তারিখ অর্থাৎ ৩১ মার্চ ২০১৮ তারিখ হতে ৩১ মার্চ, ২০২৩ তারিখ পর্যন্ত এক কালীন ১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা সালামীতে ০৫(পাঁচ) বছরের জন্য পুনঃবরাদ্দের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৮ঃ আদর্শ বিদ্যানিকেতন মানিকদী ও সেনাপল্লী স্কুলের ক্যান্টিন এর ইজারা মেয়াদ বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা :

(ক) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালনাধীন আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলের অভ্যন্তরে ১৫×১০=১৫০ বর্গফুট আয়তনের জায়গা ক্যান্টিন পরিচালনার জন্য ০১ জানুয়ারি ২০১০ তারিখ হতে ০৫ (পাঁচ) বছরের জন্য মাসিক ১,৫০০/- (এক হাজার পাঁচশত) ভাড়া এবং ২৫,০০০/- টাকা সালামীতে জনাব খলিলুর রহমান-কে ইজারা প্রদান করা হয়। উল্লেখ্য যে, উক্ত জায়গায় ইজারাদ্রহীতা কর্তৃক নিজ ব্যয়ে ক্যান্টিন পরিচালনার জন্য ঘর নির্মাণ করা হয়। উক্ত মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ০৩ ডিসেম্বর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-৭ নং আলোচ্যবিষয়ের সিদ্ধান্তে মাসিক ৩,০০০/- টাকা ভাড়া ০১ (এক) বছরের জন্য পুনঃ বরাদ্দ করা হয়। মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে উত্তীর্ণ হওয়ায় ০৩ জানুয়ারি ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়ের সিদ্ধান্তের আলোকে মাসিক ৩,০০০/- (তিন হাজার) টাকা ভাড়া এবং ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা সালামীতে ০১ জানুয়ারি ২০১৬ তারিখ হতে ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য মেয়াদ বৃদ্ধি করা হয়। মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ইজারাদ্রহীতা জনাব মোঃ খলিলুর রহমান ১৭ অক্টোবর, ২০১৭ তারিখে উক্ত ক্যান্টিনের মেয়াদ পুনরায় ০৫ (পাঁচ) বছর বৃদ্ধির জন্য অত্র দপ্তরে আবেদন করেছেন।

(খ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালনাধীন সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের অভ্যন্তরে ১৫×১০=১৫০ বর্গফুট আয়তনের জায়গা ক্যান্টিন পরিচালনার জন্য ০১ জানুয়ারি ২০১০ তারিখ হতে ০৫ (পাঁচ) বছরের জন্য মাসিক ১,৬০০/- (এক হাজার ছয়শত) ভাড়া এবং ২৫,০০০/- টাকা সালামীতে জনাব মোঃ জিয়াউল আমিনকে ইজারা প্রদান করা হয়। উক্ত দরটি ১৭ নভেম্বর ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ৯ নং সিদ্ধান্তে অনুমোদিত হয়। উল্লেখ্য যে, উক্ত জায়গায় ইজারাদ্রহীতা কর্তৃক নিজ ব্যয়ে ক্যান্টিন পরিচালনার জন্য ঘর নির্মাণ করা হয়। উক্ত মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ০৩ ডিসেম্বর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ৭ নং আলোচ্যবিষয়ের সিদ্ধান্তে মাসিক ৩,০০০/- (তিন হাজার) টাকা ভাড়া ০১ (এক) বছরের জন্য পুনঃ বরাদ্দ করা হয়। মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে উত্তীর্ণ হওয়ায় ০৩ জানুয়ারি ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়ের সিদ্ধান্তের আলোকে মাসিক ৩,০০০/- (তিন হাজার) টাকা ভাড়া এবং ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা সালামীতে ০১ জানুয়ারি ২০১৬ তারিখ হতে ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য মেয়াদ বৃদ্ধি করা হয়। ইজারাদ্রহীতা জনাব মোঃ জিয়াউল আমিন ১৯ নভেম্বর ২০১৭ তারিখে উক্ত ক্যান্টিনের মেয়াদ পুনরায় ০৫ (পাঁচ) বছর বৃদ্ধির জন্য অত্র দপ্তরে আবেদন করেছেন।

সিদ্ধান্ত :

বিস্তারিত আলোচনান্তে আদর্শ বিদ্যানিকেতন মানিকদী ও সেনাপল্লী স্কুলের ক্যান্টিন এর ইজারার জন্য প্রকাশ্য দরপত্র আহ্বানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। দর দাখিলকারীগণের নিকট থেকে ক্যান্টিনে সরবরাহকৃত পণ্যের তালিকা ও মূল্য তালিকাসহ দরপত্র গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-৯ঃ

ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রঃ নং	প্লট মালিকের নাম	প্লট নম্বর	ঠিকানা	এমইও'র ছাড়পত্রের তারিখ	মন্তব্য
১.	উইং কমান্ডার (অবঃ) এম আলাউদ্দিন মন্ডল	৬৮৫	মিরপুর ডিওএইচএস		সংশোধিত ০৭ তলা নির্মাণ (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা)
২.	(১) মেজর (অবঃ) শাহপার খান (স্ত্রী) স্বামী-শহীদ মেজর মুশতাক মাহমুদ (২) সামিন মাহমুদ (ছেলে) (৩) সানজে মাহমুদ (মেয়ে) (৪) সাজিদ মাহমুদ (মেয়ে) সর্বপিতা- শহীদ মেজর মুশতাক মাহমুদ	৮৩৬	মিরপুর ডিওএইচএস		নতুন ০৭(সাত) তলা ভবন নির্মাণ(খালী প্লট)
৩.	মেজর(অবঃ) হামীম আলী চৌধুরী	৯২৩	মিরপুর ডিওএইচএস		নতুন ০৭(সাত) তলা ভবন নির্মাণ(খালী প্লট)
৪.	ব্রিগেঃ জেনাঃ (অবঃ) চৌধুরী খালেকুজ্জামান	বি/১২০	মহাখালী ডিওএইচএস		সংশোধিত ০৫(পাঁচ) তলা (লিফট স্থাপন)
৫.	জনাব ওয়াহেদ আজিজুর রহমান (টিটু) গং পিতা-মরহুম লেঃ কর্ণেল আজিজুর রহমান চৌধুরী	১৫২	মহাখালী ডিওএইচএস		সংশোধিত ০৬ তলা (৪র্থ ও ৫ম তলায় দুই ইউনিটকে এক ইউনিটে পরিবর্তন)

৬.	আনোয়ারা খাতুন স্বামী-মোহাম্মদ মহিউদ্দিন	২৫০	মহাখালী ডিওএইচএস	নতুন ০৭(সাত) তলা ভবন নির্মাণ (পুরাতন ভবন ভেঙ্গে)
৭.	(১) মিসেস শামীম আকবর (২) লেঃ কর্ণেল (অবঃ) আলী আকবর	৩৫৭	মহাখালী ডিওএইচএস	নতুন ০৭(সাত) তলা ভবন নির্মাণ (পুরাতন ভবন ভেঙ্গে)
৮.	(১) কর্ণেল (অবঃ) মুহাম্মদ লাবিব উদ্দিন খান (২) লেঃ কর্ণেল(অবঃ) সুফিয়া বেগম	১০১/২	বারিধারা ডিওএইচএস	নতুন ০৭(সাত) তলা ভবন নির্মাণ।
৯.	উইং কমান্ডার (অবঃ) মোঃ ওয়ালিউল্লাহ	৫১৮	বারিধারা ডিওএইচএস	সংশোধিত ০৭ তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ ও ৭ম তলা নির্মাণ)
১০.	(ক) মোঃ নুরুল ইসলাম (খ) মোঃ শফিকুল ইসলাম (গ) মোঃ জহিরুল ইসলাম	১১২	ক্যান্টনমেন্ট বাজার এলাকা	সংশোধিত ০৭(সাত) তলা পুরাতন ২তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ

আলোচনা :

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন ডিওএইচএস এলাকার ০৯ টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন মর্মে সভায় জানানো হয়।

সিদ্ধান্ত :

৯.১। সভায় বিস্তারিত আলোচনা শেষে Land point of view-তে ডিওএইচএস সমূহের জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের এবং অন্যান্য ক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আলোচ্য বিষয়-৫ এর ক্রমিক নং-২, ৩, ৬, ৭, ৮ ও ১০ এর ০৬টি প্লটে ০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণের নকশা নিম্নোক্ত শর্তাধীনে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) প্রয়োজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

৯.২। ক্রমিক নং-১ ও ৯ এ উল্লেখিত ০২টি প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। কারিগরী ভেটিং বাবদ এমআইএসটির যাবতীয় ব্যয় প্লট মালিককে বহন করতে হবে।

৯.৩। ক্রমিক নং-৪ এ লিফট স্থাপন ও ক্রমিক নং-৫ এ আভ্যন্তরীণ পরিবর্তনের আবেদনের বিষয়টি ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শন করে আগামী সভায় পরিদর্শন প্রতিবেদন দাখিল সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

মালোচ্যবিষয়-১০ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসঙ্গে :-

ক্রমিক নং	কাজের নাম	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১৬ অনুযায়ী (টাকা)	ব্যয়ের খাত	মন্তব্য
১।	মিরপুর ডিওএইচএস সিএসডির সামনে বিদ্যমান এনার্জি সেভিং লাইট পরিবর্তন করে এলইডি স্ট্রীট লাইট স্থাপন কাজ।	২,২৮,০৩৫/-	মিরপুর ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল	
২।	ক্যান্টনমেন্ট বোর্ড আদর্শ বিদ্যালয়িকেন্দ্র, মানিকদী স্কুলের বাৎসরিক সংস্কার, মেরামত ও রংকরণ।	৪,০০,০০০/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ	
৩।	সেনাপল্টা উচ্চ বিদ্যালয়ের বাৎসরিক সংস্কার, মেরামত ও রংকরণ।	৪,০০,০০০/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ	
৪।	মিরপুর ডিওএইচএস এলাকায় অবস্থিত স্পীড ব্রেকার রংকরণ।	২,৩৪,৪০৪/-	সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/উন্নয়ন/ বোর্ড তহবিল	মিরপুর ডিওএইচএস পরিষেবা ০৬/০১/২০১৮ তারিখের ১১১/ ডিওএইচএস/ মিরপুর না. পর।
৫।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের বাসা নং- ৪৮/এ (ভবন-১), ২য় তলা উত্তর পার্শ্ব মেরামত ও রংকরণ কাজ।	৭২,৩৬০/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ	উপ-সহকারী প্রকৌশলী মোঃ কামরুজ্জামান কনক এর ২৫/০১/২০১৮ তারিখের আবেদনপর।

৬।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের বাসা নং-৪৮/এ (ভবন-১), ৪র্থ তলা দক্ষিণ পার্শ্বে রান্নাঘর ও টয়লেটে টাইলস্ স্থাপন।	৫৫,০০০/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ	উপ-সহকারী প্রকৌশলী (পা/বি) মোঃ মাহমুদ হাসান এর আবেদন।
৭।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-১১১ (নিচতলা) মেরামত ও রংকরণ কাজ।	১,৮১,০৪৫/-	পরিত্যক্ত সম্পত্তি তহবিল	জনাব মোঃ আঃ গফুর, ড্রাইভার এর আবেদন।
৮।	মহাখালী ডিওএইচএস এলাকার পশ্চিম পার্শ্বে সেন্ট্রাল রোডের ২৭ হতে ৩২ নং রোড পর্যন্ত এবং ২৮ নং রোডের আংশিক (প্লট নং-৩৬৫ হতে ৩৭১ পর্যন্ত) মেরামতসহ এ্যাসফাল্ট প্ল্যাটের সাহায্যে কার্পেটিং কাজ।	২৩,৬৩,৩৭৫/-	সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/উন্নয়ন/বোর্ড তহবিল	সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ এর ২৭/১২/১৭ তারিখের পত্র।
৯।	মহাখালী ডিওএইচএস এলাকার ইস্টার্ন রোডের পূর্ব পার্শ্বে ড্রেন পরিষ্কারকরণসহ ড্রেনের উপর আরসিসি স্ল্যাব নির্মাণ কাজ।	৭,৪৪,৯৫১/-	সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/উন্নয়ন/বোর্ড তহবিল	সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ এর ১৩/১০/১৭ তারিখের পত্র।
১০।	শহীদ সরণিস্থ স্টাফ রোডের টি-ক্রস হতে দক্ষিণ দিকে বেলায়েত রোড পর্যন্ত ফুটপাথ ভেঙ্গে রাস্তা সম্প্রসারণ ও নতুন করে ফুটপাথ নির্মাণ কাজ।	৭০,০০,০০০/-	বোর্ড তহবিল	মাননীয় সেনাবাহিনী প্রধান কর্তৃক সরেজমিন পরিদর্শনান্তে নির্দেশনার প্রেক্ষিতে
১১।	বনালীস্থ সামরিক কবরস্থানে প্রবেশ রাস্তা প্লাস্ট মেথডে বিটুমিনাস কার্পেটিং কাজ।	৯২,৪৪,৩৮৬/-	বোর্ড তহবিল	বালোজা হাজী মহসিনের ০৭/০২/১৮ তারিখের পত্র।
১২।	রজনীগন্ধা সুপার মার্কেটের 'এ' ব্লকের জন্য থ্রি ফেজ বিদ্যুৎ লাইন স্থাপন কাজ।	৫,৫৬,৮১৮/-	বাজারের মেরামত খাত	সংশ্লিষ্ট বৈদ্যুতিক লাইনম্যান এর ০২/০৮/১৭ তারিখের আবেদন।
১৩।	মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের সিএনজি/পিপি স্টেশন এর পার্শ্বে (Asphalt plant method) এর সাহায্যে কার্পেটিং, ফুটপাথ ও পাইপ ড্রেন নির্মাণ কাজ।	৩৪,৪৯,৭৭৪/-	মিরপুর ডিওএইচএস এর উন্নয়ন/বিবিধ/বোর্ড ফান্ড	

আলোচনা :

ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিক এবং বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত :

সভায় বিস্তারিত আলোচনা শেষে আলোচ্যবিষয়-১০ এর ১৩টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-২, ৩, ৫, ৬ ও ১২ এ বর্ণিত ০৫(পাঁচ)টি প্রকল্পের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-১, ৪, ৮, ৯, ১০, ১১, ও ১৩ এ বর্ণিত ০৮(আট)টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে। ক্রমিক নং-৭ এ বর্ণিত প্রকল্পটি পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের অনুমোদনক্রমে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-১১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসঙ্গে :-

ক্রঃ নং	কাজের বিবরণ	অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১৬ মোতাবেক (টাকা)	Responsive Tenderer	উদ্ধৃত দর (টাকা)	ব্যয়ের খাত
১.	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোডের ৩ নং গভীর নলকুপের জন্য ৭৫ হর্স পাওয়ারের একটি সাবমারসিবল পাম্প মটর ক্রয়করণ কাজ।	৫,৭৫,৬৫০/-	বিদ্যাল বোরিং এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস	৫,৭৫,৬৫০/-	পানি ও বিদ্যুৎ শাখার মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
২.	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ ও ৮/১ নং রোডের (আংশিক) উচ্চকরণসহ বিটুমিনাস কার্পেটিং কাজ।	১৬,৯১,১৪২/-	মেসার্স টান মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস	১৬,৯১,১৪২/-	বোর্ডের স্থানীয় আয়
৩.	মহাখালী ডিওএইচএস এলাকার ৩ নং রোড মেরামতসহ কার্পেটিং (এ্যাসফাল্ট প্ল্যাটের সাহায্যে) কাজ।	১৬,৯১,৮৩৭/-	মেসার্স সেভেন সীরিজ এন্টারপ্রাইজ	১৬,৯১,৮৩৭/-	সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল
৪.	সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের বন্ধ সোলার চালু করণ, মেরামত ও সার্ভিসিং কাজ।	১,৯৭,০০০/-	তানজিদ পাওয়ার ইঞ্জিনিয়ারিং	১,৯৬,৫০০/-	হাসপাতালের নৈমিত্তিক খাত

৫.	সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ইনডোর বিভাগে অটোমেশন করার জন্য ০৬টি ডেস্কটপ কম্পিউটার সরবরাহকরণ।	২,৪০,০০০/-	মেসার্স আর আর ব্রাদার্স	১,৯৯,৫০০/-	হাসপাতালের নৈমিত্তিক খাত
৬.	সিএমএইচ এর আউট গেইটের পূর্ব পার্শ্বে ফুটপাথ ভেঙ্গে রাস্তা সম্প্রসারণ ও নতুন করে ফুটপাথ নির্মাণ কাজ।	৩৯,৮৬,৪৬৫/-	মেসার্স টান মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ	৩৯,৮৬,৪৬৫/-	বোর্ডের স্থানীয় আয়
৭.	ঢাকা সেনানিবাস এলাকায় অহিন-শৃঙ্খলা বজায় রাখার জন্য ০৫টি এমপি চেকপোস্ট ও ০৫টি পকেট গেইটে সতর্কতামূলক নোটিশ প্রস্তুত ও স্থাপন কাজ।	১,২০,০০০/-	মেসার্স কাকলী স্যানিটারী	১,২০,০০০/-	জনসাধারণের উন্নয়নমূলক খাত
৮.	ঢাকা সেনানিবাসের রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার, ইউসুফ লাইন, মাল্লান লাইন, জিয়া কলোনী, সেনাপল্লী মিরপুর-১৪ শিশুপার্ক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।	১,৯৮,৮৬২/-	মেসার্স এস এস ট্রেডার্স	১,৯৮,৮৬২/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ
৯.	শহীদ জাহাঙ্গীর গেইটের বাহিরে সেনানিবাস প্রবেশ লেনের জলাবদ্ধতা দূরীকরণের জন্য ফুটপাথ ও ড্রেন পরিষ্কারকরণ কাজ।	৫৭,০০০/-	মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং	৫৭,০০০/-	নর্দমা খাত
১০.	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ২৫/২ (২য় তলা পূর্ব পার্শ্ব) বাসা মেরামত ও রংকরণ কাজ।	১,৮৪,০৮৭/-	মেসার্স আরএস এন্টারপ্রাইজ	১,৮৪,০৮৭/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ
১১.	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের ৪৮/এ (ভবন-১), ৪র্থ তলা উত্তর পার্শ্ব মেরামত ও রংকরণ কাজ।	১,৪৩,১২৪/-	মেসার্স আরএস এন্টারপ্রাইজ	১,৪৩,১২৪/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ

আলোচনা :

আলোচ্য বিষয়-১১ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির উপস্থিতিতে দরপত্র বাস্তব খোলা হয় এবং টেন্ডার ইন্ডালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত :

- ১১.১। আলোচ্য বিষয়-১১ এর ১১(এগার)টি প্রকল্পের দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
- ১১.২। ক্রমিক নং-১, ৪, ৫, ৭, ৮, ৯, ১০ ও ১১ এ উল্লেখিত ০৮ (আট)টি প্রকল্পের কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।
- ১১.৩। ক্রমিক নং-২, ৩ ও ৬ এ উল্লেখিত ০৩(তিন)টি প্রকল্পের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রয়োজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-১২ঃ

বনানী ডিওএইচএস এলাকার প্লট নং-৫৭ এর বাড়ির ছাদে এবং ক্যান্টন বাজার এলাকার ক্যান্টন বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৪৮/এ, ভবন নং-২, গ্যারিসন, ঢাকা সেনানিবাস এর বাড়ির ছাদে বিটিএস টাওয়ার স্থাপনের বিষয়ে ৯০১, সেন্ট্রাল ওয়ার্কসপ, ঢাকা সেনানিবাসের ০৩ জানুয়ারি ২০১৮ তারিখের ২১৪০১/৪৭/বিটিএস নং পত্র এবং ০৩ জানুয়ারি ২০১৮ তারিখের ২১৪০১/৪৬/বিটিএস নং পত্র ও ১৭ জানুয়ারি ২০১৮ তারিখের ২১৪০১/৪৬/বিটিএস নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা :

প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনাস্তে জানা যায় যে, বনানী ডিওএইচএস এলাকার প্লট নং-৫৭ এর বাড়ির ছাদে এবং ক্যান্টন বাজার এলাকার ক্যান্টন বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৪৮/এ, ভবন নং-২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস এর বাড়ির ছাদে বিটিএস টাওয়ার স্থাপনের বিষয়ে পর্যদ সভাপতি, ৯০১, সেন্ট্রাল ওয়ার্কসপ, ঢাকা সেনানিবাসের ০৩ জানুয়ারি ২০১৮ তারিখের ২১৪০১/৪৭/বিটিএস এবং ০৩ জানুয়ারি ২০১৮ তারিখের ২১৪০১/ ৪৬/বিটিএস নং পত্রের মাধ্যমে ক্যান্টনমেন্ট বোর্ডের মতামত ১৫ জানুয়ারি ২০১৮ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হয় ও ১৭ জানুয়ারি ২০১৮ তারিখের ২১৪০১/৪৬/বিটিএস নং পত্রের মাধ্যমে পুনরায় ২২/০১/২০১৮ তারিখের মাধ্যমে মতামত প্রেরণের জন্য বলা হয়েছে। সে প্রেক্ষিতে অত্র দপ্তরের ০৯ জানুয়ারি ২০১৮ তারিখের ঢাক্যাবো/টিআরসি/বিটিএস/২/৪/১৪ নং পত্র এবং ১৪ জানুয়ারি ২০১৮ তারিখের ঢাক্যাবো/টিআরসি/বিটিএস/২/৪/২১ নং পত্রের মাধ্যমে নিম্নোক্ত মতামত প্রেরণ করা হয়েছেঃ-

ক্রঃ নং	এলাকার বিবরণ	মতামত
১.	প্লট নং-৫৭, বনানী ডিওএইচএস	ঢাকা সেনানিবাসে বনানী ডিওএইচএস এলাকার প্লট নং-৫৭ এর বাড়ির ছাদে বিটিএস টাওয়ার স্থাপনের বিষয়ে অত্র দপ্তরের মতামত চাওয়া হয়। ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিদ্যমান কোন ভবনের স্ট্রাকচারাল ডিজাইন এর লোড বৃদ্ধির কারিগরি যথার্থতা নির্ণয় করা প্রয়োজন। সেক্ষেত্রে এমআইএসটির মতামত গ্রহণ করা যেতে পারে।
২.	ভবন নং-৪৮/এ, ভবন নং-২, ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার, গ্যারিসন, ঢাকা সেনানিবাস।	ক্যান্টনমেন্ট বোর্ডের কোন বিল্ডিং এ অদ্যাবধি বিটিএস টাওয়ার স্থাপন করা হয়নি। উক্ত ভবনটিতেও হেলথ হেজার্ড এর জন্য বিটিএস টাওয়ার স্থাপন না করার জন্য অনুরোধ করা হয়েছে।

সিদ্ধান্ত :

বিস্তারিত আলোচনান্তে বনানী ডিওএইচএস এর ৫৭ নং প্লটে নির্মিত বাড়ী ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শন করত: দাখিলকৃত প্রতিবেদনের আলোকে পরবর্তী সিদ্ধান্ত প্রদান করা হবে এবং ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮/এ নং প্লটে নির্মিত ক্যান্টনমেন্ট বোর্ডের স্টাফ কোয়ার্টার এর উপর বিটিএস টাওয়ার স্থাপনের অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

মালোচ্যবিষয়-১৩ঃ

মিরপুর ডিওএইচএস এর ১২৩৯ নং প্লটে ০৭ (সাত) তলার নকশা অনুমোদন প্রসঙ্গে ডেভলোপার জামানত ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার পরিবর্তে বর্তমান হারে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পরিশোধের জন্য উক্ত প্লটে নিয়োজিত ডেভলোপার সুপার স্টার প্রোঃ লিঃ এর ১১/০১/২০১৮ তারিখের আবেদনপত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা :

বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এর ১২৩৯ নং প্লটে সংশোধিত ০৭ (সাত) তলার (১ম তলায় দুই ইউনিট করার জন্য) নকশা অত্র দপ্তরে দাখিল করা হয়। নথি পর্যালোচনায় দেখা যায় যে রাস্তার ক্ষতিপূরণ ২,৭৫,৮৩৫/- টাকা অত্র দপ্তরে জমা করা হয়েছে। কিন্তু ডেভলোপারের জামানত জমা করা হয়নি। ডেভলোপারের জামানত তৎকালীন হারে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা জমা করার জন্য অত্র দপ্তরের ১৮ ডিসেম্বর ২০১৭ তারিখের ঢাক্যাবো/প্লট নং-১২৩৯/ডিওএইচএস মিরপুর/৩২ নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হলে ডেভলোপার জামানত ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার পরিবর্তে বর্তমান হারে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পরিশোধের জন্য উক্ত প্লটে নিয়োজিত ডেভলোপার সুপার স্টার প্রোঃ লিঃ ১১/০১/২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন।

সিদ্ধান্ত :

বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর ১২৩৯ নং প্লটে ডেভলোপার হিসেবে নিয়োজিত সুপার স্টার প্রোঃ লিঃ কর্তৃক ইতোপূর্বে নির্ধারিত জামানত ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা জমা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

মালোচ্যবিষয়-১৪ঃ

ঢাকা সেনানিবাসের বিভিন্ন বাগানের ঘাস কাটার কাজের জন্য লনমোয়ার এবং ব্যাকপ্যাক মেশিন ক্রয়ের নিমিত্ত ১,১৫,০০০/- (এক লক্ষ পনের হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত ব্যয় নৌ বাহিনী কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

আলোচনা :

ঢাকা সেনানিবাসের বিভিন্ন বাগানের ঘাস কাটার কাজের জন্য নিম্নবর্ণিত লনমোয়ার এবং ব্যাকপ্যাক মেশিন ক্রয়ের নিমিত্ত ১,১৫,০০০/- (এক লক্ষ পনের হাজার) টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় নৌ বাহিনী কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা হবে।

ক্র/নং	বিবরণ	পরিমাণ	মোট টাকা
১.	লনমোয়ার মেশিন ৫হর্স পাওয়ার (কোরিয়ান)	০১টি	৭৫,০০০.০০
২.	ব্যাকপ্যাক মেশিন	০১টি	৪০,০০০.০০
মোট =			১,১৫,০০০.০০

সিদ্ধান্ত :

বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসের বিভিন্ন বাগানের ঘাস কাটার জন্য একটি লনমোয়ার এবং একটি ব্যাকপ্যাক মেশিন ক্রয়ের নিমিত্ত ১,১৫,০০০/- (এক লক্ষ পনের হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় নৌ বাহিনী কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

মালোচ্যবিষয়-১৫ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণি এবং স্বাধীনতা সরণির ময়লা আবর্জনা সংগ্রহ এবং অপসারণ কাজের জন্য ০৪টি ট্রলিগাড়ী ক্রয়ের নিমিত্ত ৩৬,০০০/- (ছত্রিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণি এবং স্বাধীনতা সরণির ময়লা আবর্জনা সংগ্রহ এবং অপসারণ কাজের জন্য ০৪টি ট্রলিগাড়ী ক্রয়ের নিমিত্ত প্রতিটি ৯,০০০/- (নয় হাজার) টাকা হিসেবে ৩৬,০০০/- (ছত্রিশ হাজার) টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণি এবং স্বাধীনতা সরণির ময়লা আবর্জনা সংগ্রহ এবং অপসারণ কাজের জন্য ০৪টি ট্রলিগাড়ী ক্রয়ের নিমিত্ত ৩৬,০০০/- (ছত্রিশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

মালোচ্যবিষয়-১৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে নিম্নবর্ণিত প্রতিষ্ঠানগুলোকে প্রথম শ্রেণীর ঠিকাদার প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্তির নিমিত্ত আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্র/নং	প্রতিষ্ঠান ও স্বত্বাধিকারীর নাম	ঠিকানা	আবেদন জমার তারিখ
১.	মেসার্স হাবিব ট্রেডার্স প্রোগ- লেঃ কমাঃ হাবিবুর রহমান	৭৭/২২, দুর্গপুরা, সিআরপি রোড, সাভার, ঢাকা।	২০/১২/২০১৭
২.	মেসার্স সেখুরী ইন্টারন্যাশনাল প্রোগ- মোঃ আজিজুল করিম	৭৬৮, উত্তর কাফরুল, ঢাকা ক্যান্টন, ঢাকা-১২০৬।	০৬/০৬/২০১৭
৩.	মেসার্স হক এন্টারপ্রাইজ প্রোগ- মোঃ ফজলুল হক ফয়সল	৫৭৬, উত্তর কাফরুল, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।	১৭/১০/২০১৭
৪.	অনুপা ট্রেডিং কনসার্ন প্রোগ- মোঃ সাখাওয়াত হোসেন খান	খ-৯৯/৫, খিলক্ষেত, লেক সিটি রোড, ঢাকা-১২২৯।	০৯/০১/২০১৮

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির জন্য উপরোল্লিখিত প্রতিষ্ঠানগুলো ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। আবেদনগুলো যাচাই-বাছাই করা হয়েছে। প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র সাপেক্ষে ক্যান্টনমেন্ট বোর্ডে প্রতিষ্ঠানসমূহকে তালিকাভুক্ত করা যেতে পারে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে (১) মেসার্স হাবিব ট্রেডার্স, প্রোগঃ লেঃ কমাঃ হাবিবুর রহমান (২) মেসার্স সেখুরী ইন্টারন্যাশনাল, মোঃ আজিজুল করিম (৩) মেসার্স হক এন্টারপ্রাইজ, প্রোগঃ মোঃ ফজলুল হক ফয়সল (৪) অনুপা ট্রেডিং কনসার্ন, প্রোগঃ মোঃ সাখাওয়াত হোসেন খান-কে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

মালোচ্যবিষয়-১৭ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য নিম্নবর্ণিত সরঞ্জামাদি ক্রয়ের জন্য ৮৫,১০০/- (পঁচাশি হাজার একশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্রমিক নং	সরঞ্জামাদির নাম	পরিমাণ	আনুমানিক মূল্য
১.	Glucometer (Achu Check)	০২	৭,১০০/-
২.	BP Machine with strethoscope (Littman)	০২	১৩,০০০/-
৩.	Doplar Machine	০১	২৫,০০০/-
৪.	ECG Machine	০১	৩০,০০০/-
৫.	Folding Bed for Reception (Tanin)	০১	১০,০০০/-
মোট =			৮৫,১০০/-

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ২৯ জানুয়ারি, ২০১৮ তারিখের এসকেএমসিবিজিএইচ/১৬ নং পত্রের মাধ্যমে হাসপাতালের সেবা কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে উপরোল্লিখিত চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ করার জন্য অনুরোধ করা হয়েছে। উক্ত সরঞ্জামাদি সরবরাহ করতে আনুমানিক ৮৫,১০০/- (পঁচাশি হাজার একশত) টাকা ব্যয় হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য বিভিন্ন চিকিৎসা সরঞ্জাম ক্রয়ের জন্য ৮৫,১০০/- (পঁচাশি হাজার একশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

- মালোচ্যবিষয়-১৮ঃ** ডিসেম্বর, ২০১৭ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।
আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ডিসেম্বর, ২০১৭ মাসে বিভিন্ন খাতে ৫,৮৫,০৫,৬৭১/- (পাঁচ কোটি পঁচাত্তর লক্ষ পাঁচ হাজার ছয়শত একাত্তর) টাকা রাজস্ব আদায় হয়েছে। রাজস্ব আদায়ের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৭-২০১৮ অর্থ বছরের প্রাক্কলিত আয় ১৫,৪৫,৭০,০০০/- (পনের কোটি পঁয়তাল্লিশ লক্ষ সত্তর হাজার) টাকার বিপরীতে ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত রিভেটসহ আদায় হয়েছে ১৪,৮৫,৫১,৫০৬/- (চৌদ্দ কোটি পঁচাত্তর লক্ষ একাত্তর হাজার পাঁচশত ছয়) টাকা, যা মোট দাবীর ৯৬.০৪%।
সিদ্ধান্ত : রাজস্ব আদায়ের কার্যক্রমে গতিশীলতা আনয়নসহ ভবিষ্যতে বকেয়া কর আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- মালোচ্যবিষয়-১৯ঃ** ডিসেম্বর, ২০১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।
আলোচনা : ডিসেম্বর ২০১৭ মাসে স্থানীয় আয়ের উৎস হতে মোট ৬,২৪,৫৯,৮৯২/- (ছয় কোটি চব্বিশ লক্ষ ঊনষাট হাজার আটশত বিরানব্বই) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ ডিসেম্বর, ২০১৭ মাসে সর্বমোট আয় ৯,৪৮,০৪,৪২৩/- (নয় কোটি আটচল্লিশ লক্ষ চার হাজার চারশত তেইশ) টাকা। অপরদিকে ডিসেম্বর ২০১৭ মাসে সর্বমোট ব্যয় ৩,৬৮,৬৭,১৩৫/- (তিন কোটি আটষট্টি লক্ষ সাতষট্টি হাজার একশত পঁয়ত্রিশ) টাকা, সমাপনী জের ৫,৭৯,৩৭,২৮৮/- (পাঁচ কোটি ঊনআশি লক্ষ সাইত্রিশ হাজার দুইশত আটশি) টাকা।
সিদ্ধান্ত : ডিসেম্বর ২০১৭ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো এবং পরবর্তী কার্যক্রমের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।
- মালোচ্যবিষয়-২০ঃ** রজনীগন্ধা সুপার মার্কেটে নতুন মার্কেট ভবন নির্মাণের প্রথম ধাপের কিচেন ও রাইস মার্কেট নির্মাণের টেন্ডার ওপেনিং কমিটি (Tender Opening Committee) ও টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (Tender Evaluation Committee) গঠন প্রসঙ্গে।
আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটে একটি আধুনিক ও সমন্বিত যুগ্ম মার্কেট নির্মাণের পরিকল্পনা চূড়ান্ত করা হয়েছে। মার্কেটটির নির্মাণ কাজ ধাপে ধাপে সম্পন্ন করা হবে। প্রথম ধাপে কিচেন মার্কেট (মাছ, মাংস,সজি ইত্যাদি) এবং চাউলসহ অন্যান্য সামগ্রীর মার্কেট এবং দ্বিতীয় ধাপে অন্যান্য ট্রেডের জন্য মার্কেট নির্মাণ করা হবে। প্রাথমিক পর্যায়ে কিচেন মার্কেট নির্মাণের জন্য গত ২৯ নভেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৩ এর মাধ্যমে ২২,৫২,৯৫,৮৫৯/- (বাইশ কোটি বায়ান্ন লক্ষ পঁচানব্বই হাজার আটশত ঊনষাট) টাকার মূল্যানুমান অনুমোদন করা হয়েছে। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ৩০ জানুয়ারি, ২০১৮ তারিখের ২৩.২২.০০০০.০২৭.০১৪.০৯৬.১৮.১২-৩২ নং পত্রের মাধ্যমে উক্ত কাজের মূল্যানুমান ও নকশা অনুমোদন করা হয়েছে। উক্ত কাজের দরপত্র আহ্বান করা হয়েছে। এ প্রেক্ষিতে টেন্ডার ওপেনিং কমিটি (Tender Opening Committee) ও টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (Tender Evaluation Committee) গঠন করা প্রয়োজন।
সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে নতুন মার্কেট ভবন নির্মাণের প্রথম ধাপের কিচেন ও রাইস মার্কেট নির্মাণের জন্য নিম্নবর্ণিতভাবে টেন্ডার ওপেনিং কমিটি (Tender Opening Committee) ও টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (Tender Evaluation Committee) গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

টেন্ডার ওপেনিং কমিটি (Tender Opening Committee)

ক।	জনাব মোঃ আলম খান নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।	--	সভাপতি
খ।	জনাব মোঃ মনোয়ারুল ইসলাম সহকারী নির্বাহী প্রকৌশলী, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর	--	সদস্য
গ।	জনাব মোঃ আবুল হাছান সহকারী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।	--	সদস্য
ঘ।	১ × প্রতিনিধি সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা।	--	সদস্য
ঙ।	জিডিও, ঢাকা সেনানিবাস।	--	সদস্য-সচিব

টেন্ডার ইভালুয়েশন কমিটি (Tender Evaluation Committee)

ক।	জিই (সাউথ), ঢাকা সেনানিবাস।	--	সভাপতি
খ।	১ × প্রতিনিধি, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস।	--	সদস্য
গ।	জনাব মোঃ মনোয়ারুল ইসলাম সহকারী নির্বাহী প্রকৌশলী, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর	--	সদস্য
ঘ।	জনাব মোঃ আবু বকর সিদ্দিক সহকারী নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।	--	সদস্য
ঙ।	জনাব মোঃ আবুল হাছান সহকারী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।	--	সদস্য-সচিব

মালোচ্যবিষয়-২১ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোড সংলগ্ন ত্রিকোনা পার্ক উন্নয়ন, মেরামত, রংকরণসহ ০২টি আধুনিক খেলনা (মেরি গো রাউন্ড ও কম্বাইন্ড সুয়িং) স্থাপন কাজের দরপত্র বাতিলসহ ২৩,৯৪,৭০০/- (তেইশ লক্ষ চুরানব্বই হাজার সাতশত) টাকার মূল্যানুমান অনুমোদন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোড সংলগ্ন ত্রিকোনা পার্ক উন্নয়ন, মেরামত, রংকরণসহ ০২টি আধুনিক খেলনা (মেরি গো রাউন্ড ও কম্বাইন্ড সুয়িং) স্থাপন কাজের জন্য ৭,২৬,৪৮৩/- (সাত লক্ষ ছাব্বিশ হাজার চারশত তিরিশি) টাকার মূল্যানুমান বোর্ডসভা এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে দরপত্র আহ্বান করা হলে মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স কর্তৃক সর্বনিম্ন দর দাখিল করা হয়। গত ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয় ৮(১১) এর মাধ্যমে উক্ত দর অনুমোদিত হয়। কিন্তু উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক ক্যান্টনমেন্ট বাজার এলাকার ত্রিকোনা পার্কটি সরেজমিন পরিদর্শন করে আধুনিক সাজ-সজ্জাসহ খেলনা সামগ্রী স্থাপনের নির্দেশনা প্রদান করায় উক্ত কাজের মূল্যানুমান দাঁড়ায় ২৩,৯৪,৭০০/- (তেইশ লক্ষ চুরানব্বই হাজার সাতশত) টাকা।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোড সংলগ্ন ত্রিকোনা পার্ক উন্নয়ন, মেরামত, রংকরণসহ ০২টি আধুনিক খেলনা (মেরি গো রাউন্ড ও কম্বাইন্ড সুয়িং) স্থাপন কাজের দরপত্র বাতিলসহ নতুনভাবে ২৩,৯৪,৭০০/- (তেইশ লক্ষ চুরানব্বই হাজার সাতশত) টাকার মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

মালোচ্যবিষয়-২২ঃ ভাষণটেক এমপি চেকপোস্ট হতে শহীদ সরণির সংযোগ পর্যন্ত ১১৫০ ফুট লম্বা রাস্তার উভয় পাশে ২ ফুট করে বর্ধিতকরণ।

আলোচনা : ভাষণটেক চেকপোস্ট হতে শহীদ সরণি সংযোগ পর্যন্ত ১১৫০'-০" লম্বা রাস্তাটির প্রস্থ ৫'-০" বর্ধিতকরণসহ এক পাশে ফুটপাত নির্মাণ কাজের জন্য অত্র দপ্তরের ০৮ অক্টোবর ২০১৭ তারিখের ঢাক্যাবো/প্রজেক্ট/২৬৮২/৪০ নং পত্রের মাধ্যমে মেসার্স নাজিম এন্টারপ্রাইজকে মোট ২৭,৮৪,২৩৭/- টাকার কার্যাদেশ প্রদান করা হয়। সরেজমিন পরিদর্শনে দেখা যায় যে রাস্তা বর্ধিতকরণসহ ফুটপাত নির্মাণ অংশে ছোট/বড় প্রায় ৬১টি মেহগনি গাছ বিদ্যমান রয়েছে। উক্ত নির্মাণ কাজ সম্পন্ন করতে হলে সকল গাছ কর্তন/অপসারণ করা প্রয়োজন হবে বিধায় নির্মাণ কাজ করা সম্ভব নয় বিধায় গত ৩১ অক্টোবর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয় ২৫ এর মাধ্যমে কার্যাদেশ বাতিল করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে উক্ত রাস্তায় ফুটপাত ব্যতীত শুধুমাত্র দুই পাশে ২'-০" করে রাস্তা বর্ধিত করার জন্য ৬,৩৯,১৫২/- (ছয় লক্ষ উনচল্লিশ হাজার একশত বায়ান্ন) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়।

সিদ্ধান্ত : বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ভাষণটেক চেকপোস্ট হতে শহীদ সরণি সংযোগ পর্যন্ত ১১৫০'-০" লম্বা রাস্তাটির দুই পাশে ২'-০" করে প্রস্তুত করণ কাজের জন্য ৬,৩৯,১৫২/- (ছয় লক্ষ উনচল্লিশ হাজার একশত বায়ান্ন) টাকার মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

- আলোচ্যবিষয়-২৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের শূণ্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাস্টাররোলে নিয়োগ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।
- আলোচনাঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারণ কঞ্জারভেন্সী শাখার বাডুদার এর ০৫(পাঁচ)টি পদ শূণ্য রয়েছে। ঢাকা সেনানিবাসে সুষ্ঠুভাবে নাগরিক সেবা নিশ্চিত করার জন্য বিদ্যমান জনবল যথেষ্ট নয়। তদুপরি ০৫(পাঁচ) জন নিয়মিত কর্মচারী অবসরে যাওয়ায় প্রায়শই কাজে মারাত্মক বিঘ্ন ঘটছে। (১) জনাব মোঃ কাউসার, পিতা- মোঃ আব্দুর রহমান ও (২) জনাব মোঃ ফজলে রাবিব, পিতা- মরহুম হাজী মোঃ সামসুল হক সাধারণ কঞ্জারভেন্সী শাখার বাডুদার পদে অস্থায়ীভাবে নিয়োগ লাভের জন্য আবেদন করেছেন।
- সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারণ কঞ্জারভেন্সী শাখার শূণ্য পদের বিপরীতে স্থায়ী নিয়োগ না হওয়া পর্যন্ত মাসিক সর্বসাকুল্যে ১০,০০০/- (দশ হাজার) টাকা বেতনে (১) জনাব মোঃ কাউসার, পিতা- মোঃ আব্দুর রহমান ও (২) জনাব মোঃ ফজলে রাবিব, পিতা- মরহুম হাজী মোঃ সামসুল হক-কে বাডুদার পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাস্টাররোলে নিয়োগ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যবিষয়-২৪ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন বরাদ্দের অতিরিক্ত দখলকৃত ১০৬০ বর্গফুট (কম/বেশী) জমি লীজ প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- আলোচনাঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বিশিষ্ট ৭৪ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক মিসেস শামীমা এ খান, স্বামী- জনাব এম আতিকুল্লাহ খান মাসুদ। উক্ত প্লট সংলগ্ন ১০৬০ বর্গফুট (কম/বেশী) অতিরিক্ত জমি তাঁর দখলে থাকায় ১৩/৩/২০০৩ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক তা দখল মুক্ত করে অত্র দপ্তরের নিয়ন্ত্রণে আনা হয়। এ প্রেক্ষিতে প্লটের মালিক কর্তৃক ক্যান্টনমেন্ট বোর্ডের বিরুদ্ধে মাননীয় হাইকোর্টে ৫০০২/২০০৩ নং মামলা দায়ের করা হয়। উক্ত মামলা ক্যান্টনমেন্ট বোর্ডের পক্ষে সিনিয়র এডভোকেট খন্দকার মাহবুব উদ্দিন পরিচালনা করে আসছিলেন। বিগত ২৯/৬/২০০৯ তারিখে মহামান্য হাইকোর্টে উভয় পক্ষের শুনানী অন্তে রুল অবসলুট করেন এবং দরখাস্তকারী মিসেস শামীমা এ খান এর বরাবরে আলোচ্য ১০৬০ বর্গফুট খালী ভূমি রায় প্রাপ্তির ০৩(তিন) মাসের মধ্যে লীজ দলিল সম্পাদন করে দিতে আদেশ প্রদান করেন। যার প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগে সিএমপি ৩৯৯ দাখিল করা হয়। উল্লেখ্য যে ক্যান্টনমেন্ট বোর্ডের পক্ষে আইনজীবী খন্দকার মাহবুব উদ্দিন উক্ত মামলা পরিচালনায় বিব্রত বোধ করায় জনাব ফিদা কামাল, বার এট ল এর সহিত যোগাযোগ করা হয়। কিন্তু তিনিও উক্ত মামলা পরিচালনায় অনীহা প্রকাশ করেন। পরবর্তীতে জনাব আক্তার ইমাম, বার এট ল এর সহিত মামলা পরিচালনার জন্য যোগাযোগ করা হলে তিনি সম্মতি জ্ঞাপন করেন এবং তিনি তাঁর ফি ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার দাবী লিখিতভাবে জানিয়ে দেন। উক্ত টাকার মধ্যে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা পরিশোধ করা হয়েছিল। অবশিষ্ট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পরিশোধের জন্য ২৮/১/২০১০ তারিখের অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-০৯ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে :-

“ক্যান্টনমেন্ট বাজার এলাকার যে সকল প্লটের সঙ্গে বরাদ্দের অতিরিক্ত জমি রয়েছে তা উদ্ধার করে স্বতন্ত্র প্লট করা না গেলে বা অন্য কোন কাজে ব্যবহার করা না গেলে এবং সংশ্লিষ্ট বরাদ্দলাভকারীগণ যদি প্লট সংলগ্ন অতিরিক্ত জমি বরাদ্দের জন্য আবেদন করেন তবে তা বর্তমান বাজার মূল্য পরিশোধ সাপেক্ষে তাঁদের অনুকূলে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।”

এরই মধ্যে উল্লেখিত ৭৪ নং প্লট সংলগ্ন ১০৬০ বর্গফুট জমি লীজ/বরাদ্দ চেয়ে প্লটের মালিকের পক্ষে তাঁর স্বামী-জনাব এম আতিকুল্লাহ খান মাসুদ গত ২০/৪/২০১০ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। তৎপ্রেক্ষিতে আবেদনপত্রটি ৩১/৫/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-০৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন ১০৬০ বর্গফুট জমির সাথে অন্যান্য আবেদনকারীদের জমি

বরাদ্দের ক্ষেত্রে কি নীতিমালা অনুসৃত হবে সে বিষয়ে একটি নীতিমালা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর উক্ত সিদ্ধান্তের আলোকে অতিরিক্ত জায়গা বরাদ্দের জন্য নীতিমালা প্রণয়ন ও জমির মূল্য নির্ধারণের নিমিত্তে ১০/১১/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১০ এর সিদ্ধান্তে (১) সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস, সভাপতি (২) নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড, সদস্য (৩) রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড-কে, সদস্য করে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি কর্তৃক সাব রেজিস্ট্রার, গুলশান, ঢাকা হতে ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার জমির (লালাসরাই মৌজার) বর্তমান বাজার দর সংগ্রহ করে। ৭৪ নং প্লটের মালিক মিসেস শামীমা এ খান এর পক্ষে তাঁর স্বামী জনাব মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ এর ৮/৩/২০১১ তারিখের আবেদনসহ গত ১৮/৯/২০১১ তারিখে ১৬/জি নং প্লটের মালিক সাবেরা আহমেদ চৌধুরী (কলি), স্বামী- বিচারপতি এ, এইচ, এম শামসুদ্দিন চৌধুরী (মানিক) এর আবেদনপত্র এবং ২৭/বি নং প্লটের মালিকগণের পক্ষে এম আতিকুল্লাহ খান মাসুদ এর ১০/২/২০১১ তারিখের আবেদনপত্রসমূহ গত ১৭/১০/১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন ৪-

“বিষয়টি সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির পরবর্তী সভায় উপস্থাপনের জন্য প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।”

কিন্তু সংশ্লিষ্ট প্লটসমূহ ক্যান্টনমেন্ট বোর্ডের নিজস্ব/সি শ্রেণীভুক্ত জমি বিধায় পরবর্তী ২৬/১২/২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-০৯ এর মাধ্যমে পুনরায় উপস্থাপন করা হলে বোর্ড নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে ৪-

“সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস, নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সমন্বয়ে গঠিত কমিটির মতামত অনুসারে ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিভিন্ন প্লট সংলগ্ন অতিরিক্ত জমি উদ্ধার করে স্বতন্ত্র প্লট না করা গেলে বরাদ্দলাভকারীগণ যদি প্লট সংলগ্ন অতিরিক্ত জমি বরাদ্দের জন্য আবেদন করেন তবে তা বর্তমান বাজার মূল্যের ০৩ গুণ মূল্য এবং প্রচলিত নিয়ম অনুযায়ী খাজনা পরিশোধ সাপেক্ষে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। সেপেক্ষিতে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/জি নং প্লটের মালিক মিসেস সাবেরা আহমেদ (কলি), স্বামী-বিচারপতি এ এইচ এম শামসুদ্দিন চৌধুরী (মানিক), ২৭/বি নং প্লটের মালিকগণের পক্ষে এম আতিকুল্লাহ খান মাসুদ এবং ৭৪ নং প্লটের মালিক মিসেস শামীমা এ খান, স্বামী-এম আতিকুল্লাহ খান মাসুদ এর প্লট সংলগ্ন অতিরিক্ত জমি বরাদ্দের আবেদন পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।”

পরবর্তীতে উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ডের ৩১ জানুয়ারি ২০১২ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/এলএ/৫/১০/২৪০ নং পত্রের মাধ্যমে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হলে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক ২৬ ফেব্রুয়ারি ২০১২ তারিখের ৭/এমএলএডসি/ঢাকা/ ১৪১-৭৪-২/শা-৩/৪৯ নং পত্রের মাধ্যমে ক্যান্টনমেন্ট বাজার এলাকার সি শ্রেণীভুক্ত জমি বরাদ্দের জন্য সিএলএ রুলস-১৯৩৭ এর ২৬ বিধি অনুযায়ী সিডিউল-৫ ফরম পূরণ করা প্রয়োজন কিন্তু উহা প্রেরণ করা হয়নি বিধায় বিষয়টির উপর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছে না মর্মে জানিয়েছেন। ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন বরাদ্দের অতিরিক্ত ১০৬০ বর্গফুট (কম/বেশী) জমি দখল সংক্রান্ত বিষয়ে মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগে সিভিল আপীল নং ১৩৬/২০১০ পরিচালনার নিমিত্তে সিনিয়র আইনজীবী আখতার ইমাম, বার এট ল এর দাখিলকৃত ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার বিল পরিশোধ না করায় উক্ত মামলাটি খারিজ হয়। বিষয়টি ২৭ অক্টোবর ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ৮ নং আলোচ্য বিষয়ে উপস্থাপন করা হলে বোর্ড ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লটে বরাদ্দের অতিরিক্ত প্লট সংলগ্ন ১০৬০ বর্গফুট (কম/বেশী) জমির বিষয়ে আপীল বিভাগের আদেশের বিরুদ্ধে লীভ টু আপীল করার সিদ্ধান্ত প্রদান করে। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিভিল আপীল মোকদ্দমাটি শুনানীর জন্য মহামান্য সুপ্রীম কোর্টের অবসর প্রাপ্ত বিচারপতি শহিদুল ইসলাম সদয় সম্মতি জ্ঞাপন করেছেন মর্মে বোর্ডের আইন উপদেষ্টা জানান এবং মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগে লীভ টু আপীল করে মোকদ্দমাটি পুনরঞ্জীবিত করা হয়। উক্ত মোকদ্দমাটি শুনানীর পূর্বেই আইনজীবির বিল পরিশোধ করার জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা বেগম রেজিনা মাহমুদ ০৯ জানুয়ারি, ২০১৭ তারিখে এবং বিচারপতি

(অবঃ) শহিদুল ইসলাম ১৭ জানুয়ারি ২০১৭ তারিখে ৫,০০,০০০.০০ (পাঁচলক্ষ) টাকা টাকার বিল দাখিল করেন এবং উক্ত ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার বিল পরিশোধ করা হয়। গত ১২ জুলাই ২০১৭ তারিখে শামীমা এ খান আবেদনে জানান যে, মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগে সিভিল আপিল নং-১৩৬/২০১০ মহামান্য আদালত গত ২৯ মার্চ ২০১৭ তারিখে খারিজ করে রায় প্রদান করেছেন এবং অবিলম্বে উক্ত জমি তার নামে লীজ প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত বিষয়ে অত্র দপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত চাওয়া হলে তিনি ২৭ আগস্ট ২০১৭ তারিখে নিম্নোক্ত মতামত প্রদান করেন :-

“ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লটের অন্তর্গত অতিরিক্ত কমবেশী ১০৬০ বর্গফুট ভূমির বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিভিল আপীল নং-১৩৬/২০১০ মহামান্য আদালত গত ২৯/৩/২০১৭ ইং তারিখে না মঞ্জুর করতঃ হাইকোর্টের বিগত ২৯/৪/২০০৯ ইং তারিখের রায় বহাল রাখেন। মহামান্য হাইকোর্টের রায় অনুসারে বোর্ডকে তাহার বিগত ১১/১১/১৯৯২ ইং তারিখের প্রতিশ্রুতি মোতাবেক উক্ত সম্পত্তি দ্রুততম সময়ের মধ্যে লীজ দলিল সম্পাদনের জন্য আদেশ প্রদান করা হয়। এমতাবস্থায় বোর্ডসভার সিদ্ধান্ত গ্রহণ সাপেক্ষে আবেদনকারী বরাবরে অতিরিক্ত জমি লীজ বরাদ্দের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইতে পারে।”

বিষয়টি গত ২৭ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যবিষয়-৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

“প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের সিভিল আপীল নং-১৩৬/২০১০ এর রায়ের আলোকে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন বরাদ্দের অতিরিক্ত ১০৬০ বর্গফুট (কম/বেশী) জমি উক্ত প্লটের মালিক মিসেস শামীমা এ খান এর অনুকূলে ২৬/১২/২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-০৯ এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত এবং সরকারী সর্বশেষ বিধি বিধান অনুযায়ী জমির মূল্য ও খাজনা পরিশোধ সাপেক্ষে ইজারা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।”

বিষয়টি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৫ জানুয়ারি, ২০১৮ তারিখের ২৩.২২.০০০০.০১৪.৩৭.৪২১.১৮-৩৩৮ নং পত্রের সাথে সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৩ ডিসেম্বর, ২০১৭ তারিখের ৩৯১৭/১/ক্যান্ট বোর্ড-ঢাকা/এমকিউ-২ নং পত্রের নির্দেশনার আলোকে পরবর্তী আইনগত কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ডের ০৪ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-৭৪/খঃ-২/৫৪৮ নং পত্রের মাধ্যমে আইন উপদেষ্টার মতামতসহ এতদ্বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাসের নির্দেশনা চাওয়া হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের নির্দেশনার আলোকে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন বরাদ্দের অতিরিক্ত দখলকৃত ১০৬০ বর্গফুট (কম/বেশী) জমির বিষয়ে আদালতের রায়ের বিরুদ্ধে রিভিউ আপীল দায়ের করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৫ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় অবস্থিত হযরত কালা শাহ (রঃ) মাজার এর খাদেম জনাব মোঃ সাইফুল ইসলাম এর বেতন বৃদ্ধি প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস এলাকায় অবস্থিত হযরত কালা শাহ (রঃ) এর মাজারটি দেখাশোনার কাজে খাদেম হিসেবে জনাব মোঃ সাইফুল ইসলাম নিয়োজিত আছেন। মাজার তহবিল হতে তাকে মাসিক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ভাতা দেয়া হয়। জনাব মোঃ সাইফুল ইসলাম তার বেতন বৃদ্ধির জন্য ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেছেন। উল্লেখ্য যে, মাজারের যাবতীয় আয় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পরিচালিত মাজার তহবিলে জমা হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে মহাখালী ডিওএইচএস এলাকায় অবস্থিত হযরত কালা শাহ (রঃ) মাজার এর খাদেম জনাব মোঃ সাইফুল ইসলাম এর মাসিক বেতন ০১ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ হতে ২,০০০/- (দুই হাজার) টাকা বৃদ্ধি করে ৭,০০০/- (সাত হাজার) টাকায় নির্ধারণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

মালোচ্যবিষয়-২৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৭-২০১৮ আর্থিক সালের বাজেটের নৈমিত্তিক খাত, সংস্কার-মেরামত খাত ও বিজ্ঞাপন খাতে বাজেট বরাদ্দের অতিরিক্ত ব্যয় অনুমোদন প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ৩০ আগস্ট, ২০১৭ তারিখের ২৩.২২.০০০০.০২৭.১৪.০০৫.১৮-১৪৯ নং পত্রের মাধ্যমে ২০১৭-২০১৮ সালের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের বাজেট অনুমোদন করা হয়। অনুমোদিত বাজেটের নৈমিত্তিক ও সংস্কার-মেরামতের কিছু কিছু খাতে প্রস্তাবের চেয়ে অনেক কম বরাদ্দ প্রদান করা হয়েছে। বর্তমানে জ্বালানী, বিদ্যুৎ ও দ্রব্য মূল্যের ব্যয় পূর্বের তুলনায় বহুগুণ বৃদ্ধি পাওয়ায় কঠোর ব্যয় সংকোচন করা সত্ত্বেও বাস্তব অবস্থার প্রেক্ষিতে নিম্নবর্ণিতভাবে অতিরিক্ত ব্যয় বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয় :-

ক্রমিক নং	ব্যয়ের খাত	বাজেটে বরাদ্দকৃত অর্থ	অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব
১.	প্রশাসনিক শাখার নৈমিত্তিক ব্যয় (ক-৫)	১৭,৫০,০০০/-	১০,০০,০০০/-
২.	বিজ্ঞাপন বিল পরিশোধের ব্যয় (খ-৩-খ)	১০,০০,০০০/-	২৫,০০,০০০/-
৩.	সংস্কার মেরামত- জনসাধারণের উন্নয়নমূলক কার্যাদি (ঘ-২-৮)	২০,০০,০০০/-	৩০,০০,০০০/-
৪.	বাজার শাখার বিদ্যুৎ ও নৈমিত্তিক ব্যয় (ঙ-৪-খ)	৮০,০০,০০০/-	১,০০,০০,০০০/-
৫.	উদ্যান শাখার নৈমিত্তিক ব্যয় (ঙ-৬-খ)	২৫,০০,০০০/-	৩৫,০০,০০০/-
৬.	মসজিদ শাখার নৈমিত্তিক ব্যয় (ঙ-৮-খ)	৫,০০,০০০/-	৫,০০,০০০/-
৭.	সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের নৈমিত্তিক ব্যয় (চ-১-খ)	৭৫,০০,০০০/-	২৫,০০,০০০/-
৮.	সাধারণ কঞ্জারভেন্সী শাখার নৈমিত্তিক ব্যয় (চ-৪-খ)	৩৫,০০,০০০/-	৩৫,০০,০০০/-
৯.	পানি সরবরাহ শাখার নৈমিত্তিক ব্যয় (চ-৫-খ)	২৫,০০,০০০/-	২৫,০০,০০০/-
১০.	মশক নিধন (চ-৭-খ)	১,০০,০০০/-	৫০,০০০/-
		মোট =	২,৯০,৫০,০০০/-

এ প্রেক্ষিতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ৩০ জানুয়ারি, ২০১৮ তারিখের ২৩.২২.০০০০.০২৭.১৪.০০৫.১৮.১৫৫-২৬ নং পত্রের মাধ্যমে বোর্ডের স্থানীয় আয়ের ভিত্তিতে চাহিদাকৃত অতিরিক্ত ব্যয় বরাদ্দ অনুমোদন করার লক্ষ্যে বোর্ডসভার সিদ্ধান্তসহ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৭-২০১৮ আর্থিক সালের বাজেটের নৈমিত্তিক খাত, সংস্কার-মেরামত খাত ও বিজ্ঞাপন খাতে বাজেট বরাদ্দের অতিরিক্ত ২,৯০,৫০,০০০/- (দুই কোটি নব্বই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বোর্ডের স্থানীয় আয় হতে ব্যয়ের অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

ক্যান্টনমেন্ট বোর্ডের সামরিক সদস্য ক্যাপ্টেন আরিফ আহমেদ মোস্তফা (জি), পিএসসি, বিএন এর বদলীজনিত কারণে এবং সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পরিচালক (প্রশাসন) লেঃ কর্ণেল মোঃ আনোয়ার হোসেন এর অবসর জনিত কারণে ক্যান্টনমেন্ট বোর্ডের পক্ষ থেকে বিদায় জানানো হয় এবং ক্যান্টনমেন্ট বোর্ডে তাঁদের অবদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযুক্ত : পরিশিষ্ট-‘ক’

(~~এস. এম. আব্দুল কাদের~~)
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড

ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জালাল গনি খান, এনডিসি, পিএসসি)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড

ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

- (১) ক্যাপ্টেন এম সাইফুর রহমান, (ট্যাজ), বিএসপি, বিসিজিএম, পিএসসি, বিএন
অধিনায়ক, বিএনএস হাজী মহসীন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (২) গ্রুপ ক্যাপ্টেন মোঃ মাহামুদুর হাসান, এএফডব্লিউসি, পিএসসি
অধিনায়ক, বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (৩) কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (৪) মেজর মইনুল ইসলাম
প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (৫) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক
বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (৬) জনাব হেলাল উদ্দিন আহমেদ
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (৭) কাজী হাফিজুল আমিন
সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়
জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। অনুপস্থিত